**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 04-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## ORGAN DONATION DAY:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রক্তদানের মত অঙ্গদান সম্পর্কেও মানুষকে আরও বেশি সচেতন করতে হবে। আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের উদ্যোগে গতকাল পঞ্চদশ জাতীয় অঙ্গদান দিবস সচেতনতামূলক পদযাত্রা উপলক্ষ্যে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন তিনি। তিনি বলেন, অঙ্গদানের চিন্তাভাবনা আমরা অনেকদিন আগে থেকেই শুরু করেছি। কিডনি প্রতিস্থাপন তারই একটি অংশ। মোহন ফাউন্ডেশনের সঙ্গে অঙ্গ প্রতিস্থাপনের বিষয়ে সরকারের মউ স্বাক্ষরিত হয়েছে। তিনি অঙ্গদাতাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠান মঞ্চে কিডনি দাতা ও প্রতিস্থাপনকারী দের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। পরে রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে শুরু হওয়া সচেতনতা মূলক পদযাত্রার সূচনা করেন মুখ্যমন্ত্রী।

****************

## ASHWINI BAISHNAW AT BHAVNAGAR:

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, মহামারী-পরবর্তী ভারতের ক্রমবর্ধমান অর্থনৈতিক শক্তি এবং প্রযুক্তিগত অগ্রগতি লক্ষ্য করা গেছে। তিনি নাগরিকদের উন্নত ভারতের জাতীয় অভিযাত্রায় যোগদানের আহ্বানও জানান। ভাবনগরে ব্যবসায়ী, ব্যবসায়ী নেতা এবং নাগরিকদের সঙ্গে গতকাল "বিকশিত ভারত সংবাদ" অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী বৈষ্ণব জোর দিয়ে বলেন

বর্তমানে ভারত বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতি হিসেবে সগর্বে দাঁড়িয়ে আছে। রেলমন্ত্রী সম্পূর্ণ স্বদেশী বন্দে ভারত ট্রেনকে ভারতীয় উদ্ভাবন এবং আধুনিক সুযোগ-সুবিধার একটি বিশ্বমানের উদাহরণ বলে অভিহিত করেন। মন্ত্রী ইলেকট্রনিক্স উৎপাদনে ভারতের একটি অস্বীকৃত খাত থেকে ১৫০ বিলিয়ন ডলারের শিল্পে ব্যাপক উন্নয়নের কথাও তুলে ধরেন এবং সেমিকন্ডাক্টর ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান গুরুত্বের কথা উল্লেখ করেন।

****************

**CM DHALAI CRICKET** :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগরতলা বিমানবন্দরের কাছে নরসিংগড়ে রাজ্যের প্রথম আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের কাজ এই বছরের ডিসেম্বরের মধ্যে শেষ হওয়ার আশা করা হচ্ছে। ধলাই জেলার কমলপুরে এক ক্রিকেট স্টেডিয়াম এবং ক্লাব হাউজের দ্বারদ্ঘাটন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে গতকাল  মুখ্যমন্ত্রী জোর দিয়ে বলেন, খেলোয়াড় এবং খেলাধুলা নিয়ে কোনও রাজনীতি করা উচিত নয়।তিনি বলেন, রাজ্য সরকার, ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সহযোগিতায়, রাজ্য জুড়ে ক্রীড়া পরিকাঠামো শক্তিশালী করার জন্য ধারাবাহিকভাবে কাজ করছে, যাতে প্রতিটি প্রান্ত থেকে, বিশেষ করে প্রত্যন্ত এবং গ্রামীণ অঞ্চলের প্রতিভাবান ক্রীড়াবিদরা তাদের প্রাপ্য সুযোগ-সুবিধা পান |

#################BYTE CM ########

তিনি আরো বলেন,রাজ্যে ক্রীড়া প্রতিভার অভাব নেই |

************************

**Governor Meet:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে গতকাল  রাজভবনে ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ রিয়াজ হামিদুল্লা এক সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। আগরতলায় নিযুক্ত বাংলাদেশের অ্যাসিস্ট্যান্ট হাই কমিশনার আরিফ মোহম্মদও সেই সময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মোহাম্মদ রিয়াজ হামিদুল্লা ভারতের প্রতি বাংলাদেশ সরকারের উচ্চ আস্থা এবং পারস্পরিক সম্পর্ক আরও দৃঢ় করতে তিন দিনের ত্রিপুরা সফরে এসেছেন।

********************

**Sushanta Choudhury INDIA BANGLADESH:**

এদিকে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লার রাজ্য সফরের পর আগরতলা-আখাউড়া রেল সংযোগ প্রকল্পের অগ্রগতির বিষয়ে ফলপ্রসু এবং সুদুরপ্রসারী কোন সিদ্ধান্ত নেয়া সম্ভব হবে। গতকাল  আগরতলায় এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পরিবহন মন্ত্রী বলেন ভারত এবং বাংলাদেশের মধ্যে বানিজ্যিক সম্পর্ককে আরো শক্তিশালী ও ত্বরান্বিত করতে প্রায় ১ হাজার কোটি টাকা ব্যয়ে নিশ্চিন্তপুর রেল স্টেশন নির্মান করা হয়েছিল। কিন্তু বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট দুদেশের বানিজ্যিক সম্পর্ককে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। তিনি আশা প্রকাশ করেন  আগামীদিনে বাংলাদেশে নির্বাচিত সরকার এলে দু দেশের সম্পর্ক আগের মতোই সুদৃঢ় হবে।

****************

**Tree plantation**:

মাই ভারত গোমতী জেলার উদ্যোগে এবং জাতীয় যুব সংস্হার ব্যবস্হাপনায় গতকাল দক্ষিন জেলার রাজনগরের আশ্রম পাড়ায় এক পেঁড় মা কি নাম - শীর্ষক বৃক্ষ চারা রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে অংশ নিয়ে  জাতীয় যুব

সংস্হার সভাপতি লিটন দাস, রাজনগর গ্রাম পঞ্চায়েতের সদস্যা তুলসী দেবনাথ, নেহেরু যুব কেন্দ্রের প্রাক্তন স্বেচ্ছাসেবী রাজেশ দাস প্রমুখ গাছের চারা রোপন করেন।

****************

**Distribution Programme Udaipur**:

মুখ্যমন্ত্রী মডেল ভিলেজ কর্মসূচিতে  দক্ষিন মহারানী এ ডি সি ভিলেজ এলাকার ১২৫ জন বাগিচা কৃষকের  হাতে গতকাল সুপারি ,লেবু ও আম গাছের চারা প্রদান করা হয় | উদয়পুর উদ্যান কৃষি মহকুমার উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত  ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় সহ বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি এবং কৃষি আধিকারিকরা |

১*************

**FIRST DIVISION FOOTBALL**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ১-0 গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

***************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ রাজ্যের সমস্ত জেলাতেই কিছু কিছু স্থানে বজ্র বিদ্যুত সহ দু এক পশলা  হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বিনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪  ডিগ্রী সেলসিয়াস৷ আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৬.৮ মিলিমিটার৷

*****************

***********